



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল



স্মারক নং- ১৮.২৪.০৬৫১.০০১.৯৯.০০১.২৩-১৭০

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর পাসিং আউট প্যারেড-২০২৩

প্রকাশিতঃ ২৮ ডিসেম্বর ২০২৩: ১৪৩০ ঘটিকা

১। বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর ক্যাডেটদের পাসিং আউট প্যারেড ২০২৩ সম্পন্ন হয়েছে। আজ ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ (রোজ বৃহস্পতিবার) সকালে অনুষ্ঠিত বরিশাল মেরিন একাডেমির ক্যাডেটদের পাসিং আউট প্যারেড ২০২৩ এ নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নৌপরিবহন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, অন্যান্য সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, অভিভাবকবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর কমান্ড্যান্ট ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান, (জি), এনইউপি, পিএসসি, বিএন।

২। ক্যাডেটদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ কুচকাওয়াজের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। কুচকাওয়াজ চলাকালীন প্রধান অতিথি কৃতি ক্যাডেটদের মাঝে পুরস্কার বিতরণ করেন। কুচকাওয়াজ শেষে প্রধান অতিথিসহ উপস্থিতে শিক্ষা সমাপনী ক্লাস কর্তৃক 'পাসিং আউট কেক' কর্তন অনুষ্ঠান সম্পন্ন করা হয়। সর্বশেষে আমন্ত্রিত সকলের অংশগ্রহণে প্রীতিভোজের মাধ্যমে একাডেমি কর্তৃক আয়োজিত উক্ত অনুষ্ঠান সমাপ্ত হয়।

৩। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল এবং বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশালের কমান্ড্যান্ট ক্যাডেট এবং আগত অতিথিদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। উভয়ে তাদের বক্তব্যে স্বশ্রদ্ধচিত্তে নৌ খাতে মেরিটাইম বাংলাদেশের জনক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথা স্মরণ করেন এবং বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত বিভিন্ন সমন্বয়যোগ্যি ও ফলপ্রসূ পদক্ষেপের কথা তুলে ধরেন। সেই সাথে আন্তর্জাতিক মেরিটাইম সেক্টরে ক্রমবর্ধমান মেরিন প্রফেশনালদের চাহিদা, দক্ষ মানব সম্পদ গড়ে তোলার মাধ্যমে বেকারত্ব দূরীকরণ ও অধিক বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল প্রতিষ্ঠা করা হয় বলে তারা তাদের বক্তব্যে উল্লেখ করেন। মেরিন প্রফেশনাল তৈরির এই রেজিমেন্টাল প্রতিষ্ঠান প্রশিক্ষণরত ক্যাডেটদের একাডেমিক, শারীরিক ও মানসিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও যোগ্য মেরিন প্রফেশনাল হিসেবে গড়ে তোলে যাতে প্রশিক্ষিত ক্যাডেটবৃন্দ আন্তর্জাতিক মেরিটাইম সেক্টরে দক্ষতা ও সুনামের সাথে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে পারে এবং বাংলাদেশের জন্য অধিক বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারে।

৪। এ বছর একাডেমির নটিক্যাল বিভাগে ২৯ জন এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩৪ জন ক্যাডেটসহ সর্বমোট ৬৩ জন ক্যাডেট প্রি-সী কোর্স সম্পন্ন করে প্রশিক্ষণ সমাপ্ত করে। সম্মানিত সিনিয়র সচিব মোঃ মোস্তফা কামাল সাফল্যের স্বীকৃতি স্বরূপ ক্যাডেটদের মাঝে পদক বিতরণ করেন। সকল বিষয়ে সর্বোচ্চমান অর্জনকারী ক্যাডেট হিসেবে মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্যাডেট মোঃ এহসানুল হক ফারদিন কমান্ড্যান্ট স্বর্ণ পদক, নটিক্যাল বিভাগ হতে ক্যাডেট মোঃ রাকিব উদ্দিন এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ক্যাডেট মোঃ নোমান সরকার কমান্ড্যান্ট রৌপ্য পদক প্রাপ্ত হন। প্রি-সী প্রশিক্ষণ সম্পন্নকারী ক্যাডেটবৃন্দ মেরিন প্রফেশনকে পেশা হিসেবে গ্রহণ করে ব্যক্তি, পরিবার ও দেশের অভূতপূর্ব অর্থনৈতিক সমৃদ্ধি সাধন করবে বলে আশাবাদ ব্যক্ত করা হচ্ছে।

ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান, বিএন
কমান্ড্যান্ট

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল

ফোন নং: ০১৩২৪-২৪১৭০০

ই-মেইল: commandant.bmab@gmail.com